

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩২১

আগরতলা, ২১ ডিসেম্বর, ২০২৩

মৎস্য দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের অফার  
উন্নয়ন কর্মসূচি রূপায়ণে সরকারি কর্মচারীদের  
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : মৎস্যমন্ত্রী



উন্নয়ন কর্মসূচি রূপায়ণে সরকারি কর্মচারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জেআরবিটির মাধ্যমে যারা সরকারি চাকরিতে নতুন অফার পাচ্ছেন কর্মক্ষেত্রে আগামীদিনে তাদের দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। সময়ের কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে। আজ প্রজ্ঞাভবনের ৩ নং হলে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে মৎস্য দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের অফার অব অ্যাপোয়েন্টমেন্ট অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। উল্লেখ্য, মৎস্য দপ্তরে জেআরবিটির মাধ্যমে ৭২ জনকে এলডিসি পদে আজ অফার অব অ্যাপোয়েন্টমেন্ট দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আরও বলেন, রাজ্য সরকার স্বচ্ছতার সাথে উন্নয়ন কর্মসূচি রূপায়ণের পাশাপাশি জেআরবিটির মাধ্যমে বিভিন্ন দপ্তরে চাকরির অফার অব অ্যাপোয়েন্টমেন্ট দিচ্ছে। আজ যারা অফার অব অ্যাপোয়েন্টমেন্ট পেয়েছেন তাদেরকে সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মৎস্য দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্রা ও অধিকর্তা সন্তোষ দাস।

\*\*\*\*\*